শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

NATORE PALLI BIDYUT SAMITY-2
ISO 9001:2015 Certified

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
বনপাড়া, নাটোর।

টেলি: ০৭৭২৩-৫৬০৯৩ ,০৭৭২৩-৫৬০১১
ফ্যাক্স: ০৭৭২৩-৫৬২০৪
ই-মেইল : natorepbs2hq@yahoo.com
web address: www. pbs2.natore.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৯১৫.৫১৩.০২.০০৮.২২.৩১০৭ তারিখঃ ১৯ জুলাই,২০২২খ্রিঃ।

# " নিয়োগ বিজ্ঞপ্তি "

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের জন্য নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

**পদের নামঃ-মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) ০ঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- টাকা সহ নির্দেশিকা/সর্বশেষ সার্কুলার অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ০১। | **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২(বায়ান্ন) বছর (দরখাস্ত গ্রহণের সর্বশেষ সময় **০৭/০৮/২০২২খ্রিঃ** তারিখে) হতে হবে। সর্বোচ্চ নবম চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করতে পারবেন। |
| | | | ০২। | **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার পদে ০৩(তিন) বছর/০৬ (ছয়) বছর/০৯(নয়) বছর সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। |
| | | | ০৩। | **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) বিবেচিত প্রার্থীকে ০৩(তিন) বছরের চুক্তি কালীন প্রতি বছর প্রথম পক্ষ (নাটোর পবিস-২) কর্তৃক দ্বিতীয় পক্ষের নিকট মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের কর্মমূল্যায়ন করা হবে। ধারাবাহিকভাবে কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ ০৩ বছর পূর্তির সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে নূন্যতম ০১/০২/(এক/দুই)টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩(তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে অত্র পবিস এ সর্বোচ্চ ০৯(নয়) বছর বা ৫৫ বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যেতে পারে। |
| | | | ০৪ | **নিয়োগ পদ্ধতিঃ**<br>বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে। |

**শর্তাবলীঃ**

০১। **আবেদন পত্র পুরণ ও জমাদান**

আগ্রহী প্রার্থীগণ নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েবসাইটঃ **(www.pbs2.natore.gov.bd)** হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-১) A-4 কাগজে ডাউন লোড অথবা নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর অথবা সকল পল্লী বিদ্যুৎ সমিতি সমূহের সদর দপ্তর হতে উক্ত আবেদন ফরম সংগ্রহ পূর্বক প্রার্থী নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী **০৭/০৮/২০২২খ্রিঃ** তারিখ অফিস চলাকালীন জেনারেল ম্যানেজার, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বনপাড়া, নাটোর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ, সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদন এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) সম্প্রতি তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;

(খ) প্রয়োজনীয় সকল কাগজ ও শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত ফটোকপি;

(গ) জাতীয় পরিচয়/জন্ম সনদ পত্র এর সত্যায়িত ফটোকপি ;

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র সত্যায়িত কপি;

(ঙ) সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা বিআরইবি/পবিস এর কর্মকর্তা কর্তৃক (নাম ও পদবী সম্বলিত সীলসহ) সত্যায়িত হতে হবে।

(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত **" অভিজ্ঞতা সনদপত্র/প্রত্যয়ন পত্র"** যা এজিএম(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৩। **বেতন ও ভাতাদিঃ**

নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে চুক্তিকালীন নিম্নবর্ণিতভাবে বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

(ক) Last pay certificate (LPC) অনুযায়ী মূল বেতন নির্ধারিত হবে।

(খ) সাকুল্য বেতন (মূল বেতন+বাড়িভাড়া বাবদ মূল বেতনের ৪০%)

(গ) মাসিক বিদ্যুৎ বিল ভাতা ১৫০ ইউনিটের সম-পরিমান অর্থ।

(ঘ) মাসিক যাতায়াত ভাতা ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা।

(ঙ) প্রতি বৎসর নিয়মানুযায়ী বার্ষিক বেতন প্রবৃদ্ধি প্রদান করা হবে।

(চ) মাসিক চিকিৎসা ভাতা ১০০০/-(এক হাজার) টাকা প্রদান করা হবে।

(ছ) নিয়মানুযায়ী মাসিক শিক্ষাভাতা (প্রযোজ্য ক্ষেত্রে প্রাপ্য হবেন)

(জ) সমিতিতে চুক্তিভিত্তিতে কর্মকালীন প্রতি বৎসরে ০২(দুই)টি **" উৎসব বোনাস এবং নিয়মানুযায়ী বৈশাখী ভাতা"** প্রাপ্য হবেন। সমিতির পারফরমেন্স টার্গেট এগ্রিমেন্ট (কেপিআই/পিটিএ) এর ফলাফল অনুযায়ী বোনাস/পেনাল্টি ভোগ করবেন।

(ঝ) সন্তোষজনকভাবে চাকুরী শেষে পবিস হতে চুক্তি অনুযায়ী মুল বেতন এর ২০% হারে সার্ভিস বেনিফিট প্রাপ্য হবেন।

০৪। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৪১৫, তারিখঃ ১৬.১০.২০১৮ এর নির্দেশনা অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা মূল্যায়ন করা হবে।

(খ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০/- টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(গ) প্রাপ্ত আবেদনসমূহ নিয়োগ কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের পবিস মানব সম্পদ পরিদপ্তরের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরন করতে হবে।

(ঘ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি বিস্তারিত স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একাধিক পবিসে চাকুরী সম্পন্ন কারীগণকে অবশ্যই একাধিকবার পবিস এ চাকুরীর " অভিজ্ঞতা সনদ" দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

(ঙ) ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে যারা কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(চ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রীর রক্ত সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নাই।

(ছ) দুই বা তাঁর অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমানিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

(জ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে শৃঙ্খলা জনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/ দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে, তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঝ) প্রতারণামুলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাৎক্ষণিকভাবে নিয়োগ বাতিলসহ চাকুরী বরখাস্ত করা হবে।

(ঞ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

(ট) অত্র সমিতির ভৌগলিক এলাকায় অবস্থিত প্রার্থী অর্থাৎ নাটোর জেলার বড়াইগ্রাম, গুরুদাসপুর, লালপুর, বাগাতিপাড়া (সাবেক দয়রামপুর ইউনিয়ন), রাজশাহী জেলার বাঘা, চারঘাট এবং কুষ্টিয়া জেলার দৌলতপুর (রামকৃষ্ণপুর ও চিলমারী ইউনিয়ন ) উপজেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।

(ঠ) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

(ড) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল হবে।

(ঢ) চুক্তিভিত্তিতে নিয়োগ প্রাপ্ত মিটার রিডার কাম ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীনই বলবৎ থাকবে, যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।

(ণ) খামের উপরে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

(ত) প্রাপ্ত আবেদন পত্র বাছাইকার্য সম্পাদনের পর বর্তমান শূণ্য পদের সংখ্যা ও পরবর্তী ০১(এক) বৎসরের সম্ভাব্য চাহিদাকৃত পদের সংখ্যার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে।

(থ) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

19/07/22

**(মোঃ মোমীনুল ইসলাম)**

জেনারেল ম্যানেজার ।

**অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর/ আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, নাটোর।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার............................ পবিস-১/২/৩/৪ →
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ................................., নাটোর।
০৭। ডিজিএম (সদর-কারিগরী), চারঘাট/গুরুদাসপুর/লালপুর/বাঘা জোনাল অফিস, নাপবিস-২।
০৮। এজিএম, লক্ষীকোল সাব জোনাল অফিস, নাটোর পবিস-২।
০৯। এজিএম (অর্থ/ ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা), নপবিস-২।
১০। নোটিশ বোর্ড/ ওয়েব সাইট, নাটোর পবিস-২।
১১। অফিস/ মাষ্টার কপি।
১২। নোটিশ বোর্ড/অফিস কপি/ মাস্টার ফাইল।

সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার দপ্তরে নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

19/07/22

**(মোঃ মোমীনুল ইসলাম)**

জেনারেল ম্যানেজার।